DD(ATM) 26/10/22

Director (CNS) CAAB HQ, Dhaka

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

Mujib's Bangladesh

AA/RO

**বিষয়:** 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের 'প্রদর্শনী উপ কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী।

SAbom 26/10/2022

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মিজানুর রহমান, সদস্য (প্রশাসন) ও আহবায়ক "প্রদর্শনী উপ কমিটি-২০২২", সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। |
| তারিখ | : | ১৮ অক্টোবর ২০২২ খ্রিঃ। |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | সদর দপ্তর, সম্মেলন কক্ষ, লেভেল-৬, সিএএবি। |

'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে 'প্রদর্শনী উপ-কমিটি'র ৩য় সভা উপরোল্লিখিত সময় ও তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিতি তালিকা পরিশিষ্ট-'ক' (২ পাতা)'তে সংযুক্ত।

সভার প্রারম্ভে 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের 'প্রদর্শনী উপ কমিটি'র সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ গাড়ী বহরে সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডসমূহ তুলে ধরার লক্ষ্যে এবং মন্ত্রণালয়ের অধীনস্থ সংশ্লিষ্ট সকল সংস্থার কার্যক্রমসমূহের একটি অবয়ব তৈরি করে উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় উপস্থিত হতে পারেনি বিধায় মন্ত্রণালয়ের মতামত জানা যায়নি। স্ব-স্ব সংস্থা কর্তৃক প্রেরিত ছবির উপরে নির্মাণকারী প্রতিষ্ঠান যান্ত্রিক বহরের যে অবয়ব তৈরি করেছেন তা প্রদর্শন করার জন্য অনুরোধ করা হয়। বিগত বছরগুলোর ন্যায় নির্মাণকারী প্রতিষ্ঠান এ বছরও সমসাময়িক বিষয়গুলোর গুরুত্ব প্রদানপূর্বক নির্দেশনা মোতাবেক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ৩য় টার্মিনাল ও মুজিব বাংলাদেশসহ অন্যান্য সংস্থার কার্যক্রমসমূহ সমন্বয়ের মাধ্যমে যান্ত্রিক বহর তৈরি করেছেন মর্মে জানান। যান্ত্রিক বহরে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রদর্শিত গাড়ীটির অবয়ব বা ছবির সংযোজন তথা সর্বোত্তম সমন্বয় কিভাবে হতে পারে তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় 'মহান বিজয় দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে যান্ত্রিক বহরের গাড়ীতে কার্যক্রমসমূহ প্রদর্শনীর জন্য সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. বিমান বাংলাদেশ এয়ার লাইন্স এর ০৪ জন এয়ার হোস্টেসকে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উক্ত সংস্থাকে অনুরোধ করা হয় এবং যান্ত্রিক বহরে সন্নিবেশিত গ্লোবের সন্নিকটে আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সুদৃশ্য ড্রেসে ০২ জন এয়ার হোস্টেস লাইভে অবস্থান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২. যান্ত্রিক বহরে প্রদর্শিত সঠিক মাত্রার রেজুলেশন সম্বলিত ছবি দৃষ্টিনন্দন হওয়ার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড ও হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ঢাকা এর প্রেরিত ছবিতে তাদের লোগো সংযোজনপূর্বক তা যান্ত্রিক বহরের গাড়ীতে তুলে ধরার লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. যান্ত্রিক বহরের সম্মুখে সুন্দরবনের চিত্রসহ রয়েল বেঙ্গল টাইগারের ছবি সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক প্রেরিত সংসদ ভবনের লেকে স্থাপিত নৌকার পালের ছবি যান্ত্রিক বহরে যথাযথভাবে সন্নিবেশ করার লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ৩য় টার্মিনালের সাথে এলিভেটেড এক্সপ্রেস ওয়ের সংযোগ সড়ক সম্বলিত ছবি অন্তর্ভূক্তির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত এলিভেটেড এক্সপ্রেস সড়কের সাথে ৩য় টার্মিনালের সংযোগ চিত্র সরবরাহের জন্য প্রকল্প পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (১ম পর্যায়) কে অনুরোধ করা হয়।

৭. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর 787 বিমানের অবয়বসহ বিমান উড্ডয়নের দৃশ্যমান লাইটসমূহ লাইভ আকারে প্রদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৮. স্ব-স্ব সংস্থা কর্তৃক প্রেরিত ছবি/প্রস্তাবনা যান্ত্রিক বহরে সংযোজনপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার কর্মকান্ডসমূহ সমন্বিতভাবে প্রদর্শনের লক্ষ্যে দৃষ্টিনন্দন অবয়ব তৈরী করে আগামী ২২/১০/২০২২ তারিখ রোজ শনিবার বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে পরিচালক (প্রশাসন), বেবিচক এর নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট নির্মাণকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়।

৯. যান্ত্রিক বহর তৈরীর সর্বশেষ পর্যবেক্ষণসমূহ সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি তাদের নিজের অংশের বিষয়ে স্ব স্ব দপ্তর প্রধানকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০২

১০. আগামী ২৫/১০/২০২২ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.৩০ ঘটিকায় পরবর্তী সভা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/10/2022

(মোঃ মিজানুর রহমান)
সদস্য (প্রশাসন)
ও
আহবায়ক
"প্রদর্শনী উপ কমিটি-২০২২"
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১০৬৮ (অফিস)

নথি নং-৩০.৩১.০০০০.২১১.৫৩.০০১.২১- ৬৬০৮ তারিখ: ২০ /১০/২০২২ খ্রিঃ

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক (প্রশাসন), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সচিব, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৮. উপ-সচিব (প্রশাসন-১), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রতিনিধি, ধানসিঁড়ি কমিউনিকেশন লিমিটেড, বাড়ি-৪৭২(দ্বিতীয় ফ্লোর), রোড-০৮, বারিধারা (ডিওএইচএস), ঢাকা-১২০৬।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড, ১০৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড, ০১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক (সিএনএস), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯. পরিচালক (মানব সম্পদ ও সাধারণ প্রশিক্ষণ), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপ-পরিচালক (প্রশাসন), সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল সার্কেল), সিএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী (সিভিল ডিভিশন-২), সিএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৪. সহকারী প্রকৌশলী (সিভিল ডিভিশন-৪), সিএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৫. সদস্য (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সদর দপ্তর, সিএবি, কুর্মিটোলা, ঢাকা।
১৬. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

20/10/22

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৮৯০১৪১২ (অফিস)